দৈনিক জনতা

তারিখ 19 JUL 1991 পৃষ্ঠা 4 কলাম 9

### রাজশাহী ভার্সিটির বিভিন্ন কলেজ কেন্দ্র

# সোয়া দুই হাজার ডিগ্রী পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

বিশ্ববিদ্যালয় সংবাদদাতাঃ রাজশাহী ২ শ্রাবন ১৮ জুলাই।— রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভিন্ন কলেজের ২ হাজার ৩শত ১৪ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে পরীক্ষায় নকল ও শৃংখলা ভংগের দায়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ১৯৮৯ সালের ডিগ্রি (পাস) এবং ১৯৮৮ সালের ডিগ্রি (পাস) কম্পার্টমেন্টাল পরীক্ষায় অংশগ্রহণ করে অসদুপায় অবলম্বনের দায়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের বিরুদ্ধে এই শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

অপরাধের মাত্রা বিবেচনা করে তাদেরকে ১ বছর থেকে ৬ বছর পর্যন্ত বিভিন্ন মেয়াদে বহিস্কার করা হয়েছে।

উল্লেখিত বহিস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে ১৯৮৯ সালের ডিগ্রি (পাস) পরীক্ষায় অংশগ্রহণকারী ১ হাজার ৩শ ১৭ জনের সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল করা হয়। ২শ জনের সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল করা হয় এবং এর সংগে আরো এক বছরের জন্যে বহিস্কার করা হয়। ৭শ ২১ জনের সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল করা হয় ও এর সংগে আরো ২ বছরের জন্যে বহিস্কার করা হয়। ৬৮ জনকে সংশ্লিষ্ট বছর এবং অতিরিক্ত ৩ বছরের জন্যে, ৭০ জনকে সংশ্লিষ্ট বছর এবং অতিরিক্ত ৪ বছরের জন্যে এবং ৬ জনের সংশ্লিষ্ট বছরের পরীক্ষা এবং অতিরিক্ত ৫ বছরের জন্যে বহিস্কার করা হয়।

১৯৮৮ সালের ডিগ্রি (পাস) কম্পার্টমেন্টাল পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্য থেকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কৃত ১২ জন পরীক্ষার্থীর মধ্যে শুধুমাত্র ১ জনের সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল, ৮ জনের সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল ও অতিরিক্ত ২ বছরের জন্যে, ২ জনের সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল ও অতিরিক্ত ৩ বছরের জন্যে এবং ১ জনের সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল করা হয় এবং অতিরিক্ত ৪ বছরের জন্যে বহিস্কার করা হয়।